যুগান্তর

তারিখ 22 SEP 2013
পৃষ্ঠা ১ কলাম ২

রামগঞ্জে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ গুলি : আহত ৪০

রামগঞ্জ (লক্ষ্মীপুর) প্রতিনিধি

রামগঞ্জ সরকারি কলেজ ছাত্রলীগের দুই গ্রুপে প্রাধিপত্য বিস্তার কেন্দ্র করে শনিবার দুপুরে সংঘর্ষ ও গুলিবর্ষণের ঘটনা ঘটেছে। এতে ছাত্রলীগ নেতা মজনু করিম ও মোঃ রিপন গুলিবিদ্ধসহ ৪০ জন আহত হয়েছেন। গুরুতর আহতরা হচ্ছেন— ছাত্রলীগ নেতা মাহামুদুর রহমান, নাজিম উদ্দিন, মানিক, ফয়সাল, পান্না, রুবেল হোসেন, সৌরভ হোসেন, ইমরান হোসেন, মানিক হোসেন, সাইফুল ইসলাম, বিল্লাল হোসেন, সবুজ হোসেন, সাহিদ, মাহাবুব, মজনুল করিম, রুবেল, তৌহিদুল ইসলাম, রবিন, নুরুল ইসলাম প্রমুখ। তাদের রামগঞ্জ, চাঁদপুর, মাইজদী সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। অপরদিকে সংঘর্ষের সময় পেশাগত কারণে দায়িত্ব পালনকালে দৈনিক বাংলাবজমিনের সাংবাদিক আবু তাহের গুরুতর আহত হয়েছেন। সংঘর্ষ কেন্দ্র করে রামগঞ্জ-হাজীগঞ্জ সড়কে দীর্ঘ ৫ ঘণ্টা সব প্রকার যানচলাচল বন্ধ ছিল।

গুরুতর আহত দুই জনকে চিকিৎসার জন্য ঢাকায় প্রেরণ

জানা যায়, শনিবার সকাল ১০টায় বাণিজ্য বিভাগের ১ম বর্ষের ছাত্র মোঃ সাইফুল ইসলাম রামগঞ্জ সরকারি কলেজে প্রবেশ করলে দ্বিতীয় বর্ষের ছাত্র আলাউদ্দিন তাকে কলেজ থেকে বের হয়ে যাওয়ার জন্য হুমকি দেয়। একপর্যায়ে উভয়ের মধ্যে হাতাহাতির খবর পার্শ্ববর্তী সোনাপুর বাজার নন্দনপুরে ছড়িয়ে পড়লে উত্তেজিত ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ শুরু হয়। দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় ছাত্রলীগের মাহামুদুর রহমান ও ইমরান হোসেনকে এলোপাতাড়ি কুপিয়ে মারাত্মক জখম করে। এ সংবাদে ছাত্রলীগ নেতারা দাতারপাড়া-নন্দনপুর এবং সোনাপুর-কলেজ গ্রুপে বিভক্ত হয়ে পড়ে। এর মধ্যে দুই গ্রুপে সোনাপুর-রামগঞ্জ সড়কে দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়া ও গুলিবর্ষণের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে

সংঘর্ষ : পৃষ্ঠা ১৪ : কলাম ৩

সংঘর্ষ : ছাত্রলীগের

(১ম পৃষ্ঠার পর)

থানার ওসি তদন্ত মাহাবুবুর রেজা প্রামুখ ও এসআই শামসুল আরেফিনের নেতৃত্বে পুলিশ ৩০ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে। অপর দিকে সংঘর্ষ চলাকালে সোনাপুর বাজার ও চৌরাস্তা মোড়ে মোহাণ স্টোর, সৈকত স্টোর, তপুকুমার স্টোর, বেসার্স বাবুল স্টোর, জহির স্টোর, করিব স্টোর, ভাই ভাই স্টোর, আঃ করিম ভারাইটিজ স্টোর, বেনায়েত স্টোর, হোসেনের চা স্টোর, ভাহাগীর স্টোরসহ ২০ ব্যবসা প্রতিষ্ঠান ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। রামগঞ্জ সরকারি কলেজ শাখা ছাত্রলীগে প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, কলেজে ক্লাস চলাকালীন সময় বহিরাগত চিহ্নিত সন্ত্রাসীরা প্রতর্কিতে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলা চালিয়েছে।

লক্ষ্মীপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক জিয়াউদ্দিন জিয়া ও রামগঞ্জ উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান শুমন ভূঁইয়া জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পুলিশের সহযোগিতা নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়েছে। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে গুরুতর আহত ফয়সাল ও মানিককে জরুরি চিকিৎসার জন্য ঢাকা পাঠানো হয়েছে।